

স্বপ্ন-পিদিম



আজকালের প্রতিবেদন: হয়ত আর পাঁচটা ছেলেমেয়ের মতো ওরা বেড়ে ওঠেনি। শরীরে কিছুটা কমজোরি। কিন্তু মনে জেদ আছে। শিখে নেওয়ার ইচ্ছেটা আছে। সেই জেদ আর ইচ্ছেকে সঙ্গী করে বিড়লা সভাঘরে নেচে, অভিনয় করে ওরা বুঝিয়ে দিল, বিশ্বাস থাকলে সীমা-পারের চেষ্টা করা যায়। 'বিয়ন্ড বিলিফ'-এর নাচ-গানের কোলাজে ওরা যেমন সঙ্গী করেছে রবীন্দ্রনাথকে, তেমনই হার না মানা ভাবনায় বলেছে

আলাদিনের জিনকে নয়, বরং চারপাশের মানুষজনদের ভালবাসা চাওয়ার কথা। অনুষ্ঠান পরিচালনায় ছিলেন অভিজিৎ দাশগুপ্ত। ছোটদের জন্যে সুর বেঁধেছেন, গান গেয়েছেন রূপম ইসলাম। নাচ শিখিয়েছেন সোনিয়া ঘোষাল আর অর্ণব বন্দ্যোপাধ্যায়। আয়োজনে কলকাতা সুকৃতি ফাউন্ডেশন ও দ্য লায়ন্স ক্লাব ইন্টারন্যাশনাল। ছোটদের অনুষ্ঠানের শুরুতে দেখানো হয় সুকৃতি ফাউন্ডেশনের উদ্যোগ, পরিকল্পনা বিষয়ে একটি তথ্যচিত্র। সঞ্চালনায় ও ভাষ্যপাঠে সতীনাথ মুখোপাধ্যায়। উপস্থিত ছিলেন আমেরিকান এমবাসির পক্ষে ডিন থম্পসন, ডেরেক ও'ব্রায়েন, সত্যম রায়চৌধুরি।

ছবি: অরূপ রায়